

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।
[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২২৫-আইন/২০২২/১৯৭-মুসক।- সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে ২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৩-আইন/২০২২/১৭৬-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত-

(ক) শিরনামা সংখ্যা (Heading No.) 27.13 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(খ) শিরোনামা সংখ্যা 30.04 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) “3003.42.00”, “3003.43.00”, ও “3003.49.90” এর পরিবর্তে যথাক্রমে, H.S. Code “3004.42.00”, “3004.43.00”, ও “3004.49.90” প্রতিস্থাপিত হইবে;

(গ) শিরনামা সংখ্যা (Heading No.) 32.15 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“34.02 3402.42.10 Alcohol Ethoxylates (AEO) imported by Industrial IRC holder VAT compliant Sodium Lauryl Ether Sulphate (SLES) manufacturing industries”;

(ঘ) শিরনামা সংখ্যা (Heading No.) 35.07 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“38.17 3817.00.10 Linear Alkyl Benzene (LAB) imported by Industrial IRC holder VAT compliant LABSA manufacturing industries”;

(ঙ) শিরনামা সংখ্যা (Heading No.) 84.21 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“84.28 8428.10.00 Lifts and skip hoists”;

(চ) শিরনামা সংখ্যা (Heading No.) 84.71 ও 84.73 এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যাসমূহ (Heading No.) এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“84.71	সকল এইচ,এস কোড (8471.30.00 ও 8471.60.10 ব্যতীত)	কম্পিউটার ও ইহার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি (Portable automatic data processing machines, weighing not more than 10 kg, consisting of at least a central processing unit, a keyboard and a display এবং Fingerprint scanner/ Biometric scanner ব্যতীত)
84.73	8473.30.00	Parts and accessories of the machines of heading No. 84.71

(২) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 27.11 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“27.11	2711.12.00	এলপি গ্যাস (বোতল বা
	2711.13.00	সিলিন্ডারজাতকারীর নিকট বান্ধে বিক্রয়ের ক্ষেত্রে এবং বান্ধে এলপিগ্যাস পুনঃবিক্রয়ের লক্ষ্যে প্রথম পর্যায়ের বান্ধে বিক্রয়ের ক্ষেত্রে)”; এবং

(৩) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 90.18 এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) “9018.32.10” এর পরিবর্তে H.S. Code “9018.32.00” প্রতিস্থাপিত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব

